

ভারত সফরে শ্রীলঙ্কার বিদেশমন্ত্রী (৮-১০ সেপ্টেম্বর, ২০১৭)

শ্রীলঙ্কার বিদেশমন্ত্রী মহামান্য জনাব তিলক মারাপানা ভারতে একটি সরকারি সফর করছেন ৮-১০ সেপ্টেম্বর, ২০১৭। তাঁর সফরসঙ্গী হলেন তাঁর স্ত্রী এবং উর্ধ্বর্তন কর্মকর্তারা। ১৫ অগস্ট, ২০১৭ সালে বিদেশ মন্ত্রীর দায়িত্ব নেওয়ার পর এটাই তাঁর প্রথম বিদেশ সফর।

আজ সন্ধ্যায় বিদেশ মন্ত্রী মারাপানা সাক্ষাৎ করেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর সঙ্গে। এর আগে পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজের সঙ্গে একটি প্রতিনিধি পর্যায়ের বৈঠক করেন শ্রীলঙ্কার বিদেশ মন্ত্রী। দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে দু'পক্ষ বিস্তারিত আলোচনা করেন এবং দু'দেশের মধ্যে ঐতিহাসিক ভাবে ঘনিষ্ঠ ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও মজবুত করার বিষয়টি নিয়ে আলোচনা হয়। সফররত প্রতিনিধি দলের সম্মানার্থে পররাষ্ট্র মন্ত্রী একটি ভোজ সভার আয়োজন করেন।

নয়াদিল্লি

সেপ্টেম্বর ০৯, ২০১৭